কোটচাঁদপুরে পুলিশের বাধায় বিএনপির ইউনিয়ন পদযাত্রা পন্ড

বিএনপির কেন্দ্রীয় ঘোষিত ইউনিয়ন পদ যাত্রা কর্মসুচী পালন করেছেন কোটচাঁদপুর বিএনপি।

শনিবার বিকেল ৩ টার সময় এ কমর্সুচী পালন করেন দলটি। পদযাত্রায় পুলিশ বাধা দিয়েছেন এমন অভিযোগ নেতা-কর্মীদের।

সংশ্লিষ্ট সুত্রে জানা যায়,বিএনপির কেন্দ্রীয় ঘোষিত কর্মসুচীর অংশ হিসেবে কোটচাঁদপুরেও বিএনপি ইউনিয়ন পদযাত্রা কর্মসুচীর আয়োজন করেন। এরমধ্যে কোটচাঁদপুরের সাবদারপুর ইউনিয়নের পদযাত্রায় নেতৃত্ব দেন পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল,দোড়া ইউনিয়নে নেতৃত্ব দেন জেলা বিএনপির যুগ্ন সম্পাদক ও সাবেক কাউন্সিলর ফারুক হোসেন খোকন,কুশনায় ছিলেন বিএনপির তথ্য ও গবেষণা বিষয়ক সম্পাদক আমিরুজ্জামান খান শিমুল,বলুহরে ছিলেন জেলা বিএনপির সহসভাপতি আবুবক্কর বিশ্বাস ও এলাঙ্গীর পদযাত্রায় ছিলেন,উপজেলা বিএনপির সভাপতি ও সাবেক চেয়ারম্যান আব্দুর রাজ্জাক।

এ কর্মসুচী সফল করতে প্রতিটি ইউনিয়নে নির্ধারিত স্থানে দলীয় নেতা-কর্মীরা জড়ো হতে থাকেন। এরপর বিকেল ৩ টার সময় শুরু হয় ইউনিয়ন পদযাত্রা। এ সময় পুলিশের বাধায় পন্ড হয় পদযাত্রা। পরে নেতা-কর্মীরা সংক্ষিপ্ত সমাবেশ করে কর্মসুচী শেষ করেন।

বিষয়টি নিয়ে কোটচাঁদপুর পৌর বিএনপির সভাপতি ও সাবেক মেয়র এস কে এম সালাহউদ্দীন বুলবুল সিডল বলেন,নেতা-কর্মীরা পদযাত্রা কর্মসুচী পালনের জন্য জড়ো হয়। এরপর পদযাত্রা শুরু হয়। নেতা-কর্মীরা কিছু দুর যাবার পর পুলিশের বাধার মুখে পড়েন। পরে ওখানেই সমাবেশ করে কর্মসুচী শেষ করা হয়।

একই কথা বলেন, জেলা বিএনপির যুগ্ন সম্পাদক ও সাবেক কাউন্সিলর ফারুক হোসেন খোকন। তিনি বলেন,আওয়ামীলীগরা দলীয় মিছিল নিয়ে ইউনিয়নে শান্তি সমাবেশ যোগ দিলে সমস্যা নাই। আমরা নেতা-কর্মীদের নিয়ে শান্তি পূর্ণ পদযাত্রা কর্মসুচী পালন করছিলাম। সেখানে পুলিশ বাধা দিয়েছেন। পন্ড করেছেন পদযাত্রা কর্মসুচী।

তবে এলাঙ্গী ইউনিয়নে পদযাত্রা সফল হয়েছে বলে দাবি করেছেন উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাক। তিনি বলেন, আমরা ইউনিয়নে লিফলেট বিতরন করেছি। এরপর পদযাত্রা কর্মসুচীও পালন করেছি। এ ইউনিয়নে পদযাত্রা কর্মসুচী সফল হয়েছে। পদযাত্রা শেষে ফাজিলপুর বাজারে সংক্ষিপ্ত আলোচনা শেষে সভার সমাপ্তি ঘোষনা করা হয়।

আলমডাঙ্গার খাদিমপুরে বিএনপির পদযাত্রায় যুবলীগের হামলা,আহত ৪

আলমডাঙ্গার খাদিমপুর ইউনিয়ন বিএনপির পদযাত্রায় হামলার অভিযোগ উঠেছে যুবলীগের বিরুদ্ধে। এসময় বিএনপির চার নেতাকর্মীকে মারধরের অভিযোগ উঠে এরমধ্যে তিনজন উদ্ধার করে চুয়াডাঙ্গা সদর হাসপাতালে চিকিৎসা দেয়া হয়েছে। শনিবার (১১ ফেব্রুয়ারি) বিকেলে আলমডাঙ্গার খাদিমপুরে এঘটনা ঘটে।

স্থানীয় সূত্রে জানা গেছে, বর্তমান সরকারের পদত্যাগসহ ১০ দফা দাবিতে শনিবার দেশের সকল ইউনিয়নে পদযাত্রা কর্মসূচি ঘোষণা করে বিএনপি। কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে আলমডাঙ্গা উপজেলার খাদিমপুর ইউনিয়ন বিএনপি পদযাত্রা শুরু করলে যুবলীগের নেতাকর্মীরা পদযাত্রায় হামলা করেন। এতে বিএনপি ও অঙ্গ সংগঠনের চারজন আহত হন।

আহতরা হলেন, আলমডাঙ্গা উপজেলা বিএনপির সহ সাংগঠিক সম্পাদক মহাসিন আলী, উপজেলা যুবদলের সদস্য মতিউর রহমান, খাদিমপুর ইউনিয়ন যুবদলের সাধারণ সম্পাদক হুসাইন আহমেদ, বাড়াদি ইউনিয়ন ছাত্রদলের সাধারণ সম্পাদক আবিদ হাসান স্বজল।

চুয়াডাঙ্গা জেলা বিএনপির সদস্য সচিব শরিফুজ্জামান শরীফ জানান ,খাদিমপুর ইউনিয়ন চেয়ারম্যান মোজাহিদুর রহমান জোয়ার্দ্দার লোটাসের নেতৃত্বে বিএনপির পদযাত্রায় হামলা করে আমাদের চার নেতাকর্মীকে মারধর করেছে। যুবলীগের নেতাকর্মীরা বাঁশের লাঠি নিয়ে মোটরসাইকেলে শোডাউন করেছে। আমরা শান্তিপূর্ণভাবে পদযাত্রা

করলেও আমাদের উপর অতর্কিত হামলা চালায়।

চেয়ারম্যান মোজাহিদুর রহমান জোয়ার্দ্দার লোটাস বলেন, বিএনপি নৈরাজ্য সৃষ্টির পায়তারা করছিল। আমরা প্রতিহত করেছি। যুবলীগের নেতাকর্মীরা লাঠি হাতে মোটরসাইকেল শোডাউনের প্রসঙ্গে তিনি বলেন, যে কোন হামলা হওয়ার আশংকায় আমরা প্রস্তুতিমূলক অবস্থান করছিলাম। আইনশৃংখলা যেন নষ্ট না হয় এ জন্য আমরা দলীয়ভাবে ছিলাম। তারা কয়েকস্থানে ঝামেলা করার জন্য অবস্থান নিয়েছিল, আমরা প্রতিহত করেছি।

আলমডাঙ্গা থানা পুলিশের পরিদর্শক (তদন্ত) আব্দুল আলীম বলেন, এমন কোন সংবাদ আমার জানা নেই। অভিযোগ পেলে তদন্ত সাপেক্ষে আইনগত ব্যবস্থা গ্রহন করা হবে।

মুজিবনগরে উপজেলায় বিএনপির পদযাত্রা

মুজিবনগরে বিদ্যুৎ, গ্যাস ও নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যে সহ কৃষি উপকরণের লাগামহীন মূল্যবৃদ্ধির প্রতিবাদে এবং গণতন্ত্র পুনরুদ্ধার, কর্তৃত্ববাদী সরকারের পদত্যাগ, বেগম খালেদা জিয়াসহ গ্রেফতারকৃত নেতাকর্মীদের মুক্তি, অবৈধ সংসদ বাতিল, নির্দলীয় নিরপেক্ষ তত্ত্বাবধায়ক সরকারের অধীনে নির্বাচনসহ ১০ দফা দাবিতে বিএনপি এর পদযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

শনিবার বিকেলে মুজিবনগর উপজেলা বিএনপি এর আয়োজনে, জেলা বিএনপি’র সভাপতি (সাবেক) এমপি মাসুদ অরুনের নেতৃত্বে মোনাখালী খেলার মাঠ থেকে বাজার পর্যন্ত এবং বাজার থেকে দারিয়াপুর বাজার পর্যন্ত মোনাখালি ও দারিয়াপুর ইউনিয়ন বিএনপির পদযাত্রা অনুষ্ঠিত হয়েছে।

পদযাত্রায় অংশগ্রহণ করেন মুজিবনগর উপজেলা বিএনপির সভাপতি সাবেক উপজেলা চেয়ারম্যান আমিরুল ইসলাম, উপজেলা বিএনপি’র সাধারণ সম্পাদক বদরউদ্দিন বিশ্বাস সহ মোনাখালী ও দারিয়াপুর ইউনিয়ন বিএনপি, যুবদল স্বেচ্ছাসেবক দল কৃষক দল ও ছাত্রদলের নেতাকর্মীবৃন্দ।

গাংনীতে পৃথক তিনটি স্থানে বিএনপির পদযাত্রা

মেহেরপুরের গাংনীতে গণতন্ত্র পুনরুদ্ধার,সাবেক প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার মামলা প্রত্যাহার,বিএনপির নেতাকর্মীদেও গ্রেফতার হয়রানী বন্ধ, দ্রব্যমুল্যে কমিয়ে মানুষের ক্রয়ক্ষমাতার মধ্যে সিমাবদ্ধ রাখাসহ মোট ১০ দফা দাবিতে পৃথক তিনটি স্থানে পদ যাত্রা করেছে গাংনী উপজেলা বিএএনপি।

শনিবার বিকেলে গাংনী উপজেলার কাজিপুর, মটমুড়া ও সাহারবাটি ইউনিয়ন বিএনপি ও অঙ্গ সংগঠনের নেতৃত্বে এ পদযাত্রা অনুষ্ঠিত হয়।

কাজিপুর কলেজ প্রাঙ্গণের পদযাত্রায় নেতৃত্ব দেন জেলা বিএনপির সাধারণ সম্পাদক আমজাদ হোসেন, মটমুড়া ইউনিয়নের বাওট বাজারে আয়োজিত পদযাত্রায় নেতৃত্ব দেন জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন ও সাহারবাটি এলাকার পদযাত্রায় নেতৃত্ব দেন গাংনী উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক আসাদুজ্জামান বাবলু।

পৃথক তিনটি স্থানে গাংনী উপজেলার ৯টি ইউনিয়নের বিএনপির নেতৃবৃন্দ কর্মী সমর্থকরা পদযাত্রায় অংশ গ্রহণ করেন।

হরিণাকুণ্ডুতে বিএনপি’র পদযাত্রা কর্মসূচিতে পুলিশের বাধা

বেগম খালেদা জিয়াসহ সকল রজবন্দিদের মুক্তি, সরকারের দমন-পীড়ন, সন্ত্রাস নির্যাতনের বিরুদ্ধে বিদুৎ, গ্যাস ও নিত্যপণ্যের মূল্য কমানোসহ ১০দফা দাবিতে বিএনপি’র কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে

হরিণাকুণ্ডুতে বিএনপি উদ্যোগে বিভিন্ন ইউনিয়নে পদযাত্রা কর্মসূচী অনুষ্ঠিত হয়েছে।

শনিবার (১১ ফেব্রুয়ারী) বিকাল ৩টায় উপজেলার ৮টি ইউনিয়নে একযোগে এই কর্মসূচী শুরু হয়। পদযাত্রা কর্মসূচী পালন কালে উপজেলার ৬নং ফলসী ইউনিয়নের কুলবাড়ীয়া বাজারে এবং ৭নং রঘুনাথপুর ইউনিয়নের চরপাড়া বাজারে পুলিশের বাধার সম্মুখীন হয়। পরে সমাবেশ সংক্ষিপ্ত করে পদযাত্রা শেষ করতে হয়েছে।

এছাড়া ভায়না ও জোড়াদহ ইউনিয়নে বিএনপির শান্তিপূর্ণ পদযাত্রায় আওয়ামী লীগ হামলা করে করেছে বলে জানান উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক তাইজাল হোসেন। তিনি আরও বলেন জোড়াদহ ও জটারখাল বাজারে বিএনপির পদযাত্রা কালে আওয়ামী লীগের হামলায় উপজেলার তৈলটুপি গ্রামের মওলা বকশো ও জহুরুল ইসলাম গুরতর আহত হয়। এত বাধার মুখেও অন্যান্য ইউনিয়নে বিএনপির সংক্ষিপ্ত পদযাত্রা অনুষ্ঠিত হয়েছে বলে তাইজাল হোসেন বিএনপির তৃনমুলের নেতাকর্মীদের প্রতি কৃতজ্ঞতা প্রকাশ করেণ।

পদযাত্রা সফল করতে ভায়না ইউনিয়নের দায়িত্বে ছিলেন উপজেলা বিএনপির সভাপতি আবুল হাসান মাস্টার, জোড়াদহ ইউনিয়নে জেলা বিএনপির সদস্য আফাঙ্গীর বিশ্বাস, ফলসী ইউনিয়নে উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক তাইজাল হোসেন, তাহেরহুদা জেলা বিএনপির নেতা আব্দুল মমিনসহ বিভিন্ন ইউনিয়নের বিএনপি, যুবদল, ছাত্রদল, কৃষকদল এই কর্মসূচী বাস্তবায়নে অংশ গ্রহন করে।

মেহেরপুরে ইউনিয়নে ইউনিয়নে বিএনপির পদযাত্রা, জেলা শহরে আ.লীগের শান্তি সমাবেশ

মেহেরপুরের তিন উপজেলার ২০টি ইউনিয়নে কেন্দ্রীয় ঘোষীত আজ শনিবার পদযাত্রা ও বিক্ষোভ কর্মসূচী পালন করার লক্ষ্যে প্রস্তুতি গ্রহণ করেছে বিএনপি। সুবিধামত স্থানগুলোতে তারা এ কর্মসূচী পালন করবে।

এদিকে, গতকাল শুক্রবার বিকাল পর্যন্ত আওয়ামী লীগের কোন কর্মসূচী গ্রহণ করা হয়েছে কিনা তা নিশ্চিত হওয়া যায়নি। এমনকি আইন শৃঙ্খলা বাহিনীও আওয়ামী লীগের কোন কর্মসূচীর খবর পাওয়া যায়নি।

তবে গতকাল সন্ধ্যা থেকে নাশকতার অভিযোগে বিএনপির নেতাকর্মীদের ধরপাকড় শুরু করেছে পুলিশ। গাংনী উপজেলার বামন্দী থেকে ৬ নেতা ও সদরের আমঝুপি থেকে ২ নেতাকে আটক করার খবর পাওয়া গেছে। বামন্দী থেকে দেশী অস্ত্র ও ককটেল উদ্ধারেরও খবর পাওয়া গেছে। পুলিশি অভিযানের আতঙ্কে বিএনপির নেতাকর্মীরা ঘরছাড়া বলে দাবী করেছেন বিএনপির নেতারা। গতকাল এ রিপোর্ট লেখা পর্যন্ত (রাত ১২ টা পর্যন্ত) ৮ জনকে আটকের খবর পাওয়া গেছে।

আইন শৃঙ্খলাবাহিনীর কর্মকর্তারা জানান, কোন সংঘাতের আশঙ্কা নেই। সংঘাত হলে আইননুগ ব্যবস্থা নেওয়া হবে। জেলায় তিন থানা ও ক্যাম্প মিলিয়ে ৩ শতাধিক পুলিশ ফোর্স রয়েছে। পুলিশের দাবি সংঘাত হলে এই সদস্য দিয়েই সংঘাত নিয়ন্ত্রণ করা সম্ভব।

খোজ নিয়ে জানা গেছে, গাংনী উপজেলার বামন্দী, ধানখোলা ও মড়কাতে বিএনপির এসকল কর্মসূচী পালন করবে পুলিশের বিশেষ শাখাকে অবহিত করেছে। একই ভাবে মুজিবনগরের দারিয়াপুর ও মোনাখালীতেও বিএনপির কর্মসূচী হবে বলে পুলিশকে অবহিত করা হয়েছে। তবে সদরের কোথায় কোথায় বিএনপি কর্মসূচী পালন করবে তা জানা যায়।

গাংনী থানার ওসি আব্দুর রাজ্জাক জানান, গাংনীর তিন স্থানে বিএনপির কর্মসূচীর খবর পেয়েছি। আওয়ামী লীগের কোন কর্মসূচীর খবর এখনো পায়নি। আশা করি শান্তিপূর্ণভাবে বিএনপি তাদের কর্মসূচী পালন করবে। ব্যতায় হলে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে। তিনি আরো জানান, গাংনীতে ৬টি ক্যাম্প ও থানা মিলিয়ে যে সংখ্যাক পুলিশ আছে তা কম হলেও সংঘাত নিয়ন্ত্রণে এ সংখ্যাই যথেষ্ঠ।

জেলা বিএনপির যুগ্ম সাধারণ সম্পাদক ও বামন্দী ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল আওয়াল বলেন, আমরা কেন্দ্রীয় কর্মসূচীর ঘোষণা অনুযায়ী গাংনীর ৯টি ইউনিয়নেই পদযাত্রা কর্মসূচীর প্রস্তুতি নিয়েছিলাম। কিন্তু পুলিশ চার স্থানে করার অনুমতি দিয়েছে। যে কারণে আমরা চার স্থানের প্রস্তুতি নিয়েছি। এর মধ্যে সন্ধ্যার সময় বামন্দী থেকে চার নেতাকে আটক করেছে পুলিশ। এর পর থেকে বিএনপির নেতাকর্মীরা ঘরছাড়া হয়ে আছে। নিত্য প্রয়োজনীয় দ্রব্যমূল্যে বৃদ্ধির প্রতিবাদের আমরাদের এ সকল কর্মসূচী। তাতে বিএনপির

নেতাকর্মীদের হয়রানী করার জন্য পুলিশ নাশকতার মামলায় ফাঁসানোর চেষ্টা করছে।

মুজিবনগর থানার ওসি মেহেদী রাসেল জানান, থানা ও ৩ ক্যাম্প মিলিয়ে যে পুলিশ আছে তাতে উপজেলার শান্তি শৃঙ্খলা নিয়ন্ত্রণে আনতে যথেষ্ঠ। তবে এখানকার উভয়দলের নেতাকর্মীরা শান্ত। সুষ্ঠ পরিবেশেই উভয় দল কর্মসূচী পালব করবে বলে তিনি আশা করেন।

মেহেরপুর সদর থানার ওসি শেখ মইনুল ইসলাম জানান, বিএনপি কয়েকটি স্থানে কর্মসূচী পালন করবে শুনলেও নির্দিষ্ট স্থানের নাম এখনো পায়নি। আওয়ামী লীগের কোন কর্মসূচীর খবর পাইনি। তবে মেহেরপুর শান্তিপূর্ণ জেলা। এখানে কোন সংঘাতের আশঙ্কা নেই।

মেহেরপুর জেলা বিএনপির সভাপতি মাসুদ অরুন নির্দিষ্ট করে স্থানের নাম না বললেও তিনি বলেন, সকল ইউনিয়নে আমাদের পদযাত্রা করার প্রস্তুতি চলছে। সুবিধামত স্থানগুলোতে আমরা কর্মসূচী পালন করবো। আওয়ামী লীগের কোন কর্মসূচী আছে কিনা জানতে চাইলে তিনি বলেন, শুনেছি তারাও দুএকটি স্থানে কর্মসূচী পালন করবে। তবে তারা তাদের মত করবে, আমরা আমাদের মত করবো। কোন সংঘাত পরিস্থিতি তৈরি হোক এটা চাই না।

বামুন্দিতে কেন্দ্র ঘোষীত পথযাত্রা সফল করতে ইউনিয়ন বিএনপির প্রস্তুতি সভা

১১ ফেব্রুয়ারি বিএনপির কেন্দ্র ঘোষিত ইউনিয়ন ইউনিয়ন পথযাত্রা সফল করতে বামুন্দি ইউনিয়ন বিএনপির প্রস্তুতি সভা অনুষ্ঠিত হযেছে।

আজ বুধবার বিকালে বামুন্দী মাদ্রাসা মাঠে বামুন্দি ইউনিয়নের সাবেক চেয়ারম্যান আব্দুল আউয়ালের সভাপতিত্বে সভাটি অনুষ্ঠিত হয়।

প্রস্তুতি সভায় অন্যদের উপস্থিত ছিলেন বামন্দি ইউনিয়ন বিএনপির

সেক্রেটারি নওশাদ আলী, গাংনী পৌর বিএনপি’র সাধারণ সম্পাদক মকবুল হোসেন মেঘলা, উপজেলা কৃষক দলের যুগ্ন আহবায়ক শাওন, যুবদলের আহ্বায়ক চপল, স্বেচ্ছাসেবক দলের সাধারণ সম্পাদক বাচ্চু, স্বেচ্ছাসেবক দলের যুগ্ম সাধারণ সম্পাদক সম্রাট বিশ্বাস, রামনগর বিএনপির সভাপতি ওয়াজেদ আলী, বিএনপি নেতা কায়কোবাদ, বামুন্দি ইউনিয়ন যুবদলের সভাপতি মাহিদুল ইসলাম কালু, নীশিপুর ওয়ার্ডের মেম্বার শাহ আলম সহ প্রায় ১৫০ শতাধিক বিএন পি নেতা কর্মী উপস্থিত ছিলেন।

কোটচাঁদপুরে উপজেলা ও পৌর বিএনপির প্রস্তুতি মূলক সভা অনুষ্ঠিত

কেন্দ্রীয় কর্মসূচির অংশ হিসেবে তেল,গ্যাস বিদ্যুৎ সহ দ্রব্য মূল্যের উর্ধগতি ও যুগপৎ আন্দোলনের কর্মসূচির অংশ হিসেবে আগামী ১১ ফেব্রুয়ারি ইউনিয়ন পথযাত্রা উপলক্ষে প্রস্তুতিমূলক সভা অনুষ্ঠিত হয়েছে।

বুধবার সকালে কোটচাঁদপুর উপজেলা ও পৌর বিএনপির উদ্যোগে মেইন বাসস্ট্যান্ড উপজেলা বিএনপি দলিও কার্যালয়ে এ সভা অনুষ্ঠিত হয়।

উপজেলা বিএনপির সভাপতি আব্দুর রাজ্জাকের সভাপতিত্বে ও জেলা বিএনপির শিশু বিষয়ক সম্পাদক ফারুকুল আলম শেখার সঞ্চালনায়।

প্রস্তুতি মূলক সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জেলা বিএনপির সহ-সভাপতি আবুবকর বিশ্বাস।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সাবেক পৌর মেয়র ও পৌর বিএনপির সভাপতি এস কে এম সালাউদ্দিন বুলবুল সিডল,উপজেলা বিএনপির সাধারণ সম্পাদক লিয়াকত আলী, জেলা বিএনপির যুগ্মসাধারণ সম্পাদক ফারুক হোসেন খোকন, পৌর বিএনপির সাধারণ সম্পাদক আবুল কাশেম,উপজেলা বিএনপির সাংগঠনিক সম্পাদক হারুন আর রশিদ, সাবেক

উপজেলা বিএনপির সভাপতি নুরুজ্জামান, সাবেক সাধারন সম্পাদক ফারুক হোসেন, জেলা সহ-সাংগঠনিক সম্পাদক সাইদুর রহমান, পৌর বিএনপির সহ-সভাপতি শাহরিয়ার রহমান মামুন, সাফদারপুর ইউনিয়ন বিএনপির সভাপতি ফরিদ উদ্দিন, দোড়া ইউনিয়ন বিএনপির সভাপতি শরিফুল ইসলাম সান্টু,বলুহর ইউনিয়ন বিএনপির সভাপতি আশরাফ আলী, কুশনা ইউনিয়ন বিএনপির ভারপ্রাপ্ত সাধারণ সম্পাদক আক্তার হোসেন, এলাঙ্গী ইউনিয়ন বিএনপির সভাপতি ও সাবেক উপজেলা ভাইস চেয়ারম্যান একরামুল হক প্রমুখ। এ সময় বক্তারা পথযাত্রা উপলক্ষে বিভিন্ন দিকনির্দেশনা মূলক বক্তব্য রাখেন।

সে সময় উপস্থিত ছিলেন উপজেলা ও পৌর বিএনপি, যুবদল, ছাত্র দল, সেচ্ছাসেবক দল, কৃষক দল, শ্রমিক দল সহ সকল অঙ্গ সংগঠনে নেতা কর্মী বৃন্দ উপস্থিত ছিলেন।

আইলহাঁস-নাগদাহ ইউপি নির্বাচনে অংশ নিচ্ছে ১৮ জন চেয়ারম্যান প্রার্থী

আলমডাঙ্গায় আসন্ন দু’টি ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনে অংশ নিতে সব দলই নিজেদের প্রস্তুতি নিতে শুরু করেছে। আওয়ামী লীগ তাদের ‘নৌকা’ প্রতীক এবং বিএনপি ‘ধানের শীষ’ প্রতীকে নির্বাচনের প্রস্তুতি নিচ্ছেন। জাতীয় পার্টি নির্বাচনে অংশ না নিলেও নিবন্ধন হারানো জামায়াত স্বতন্ত্র প্রার্থী হয়ে নির্বাচনে প্রতিদ্বন্দ্বিতা করবে।

উপজেলার আইলহাঁস ও নাগদাহ এ দু’টি ইউনিয়ন পরিষদ (ইউপি) নির্বাচনে ১৮ জন চেয়ারম্যান প্রার্থী হিসেবে ভোটযুদ্ধে অংশ নিচ্ছেন। নির্বাচনে নতুন মুখ মিলছে প্রার্থীতায়। সব রাজনৈতিক দলগুলো এবারের নির্বাচনে অংশ গ্রহন করায় প্রতিদ্বন্দ্বিতাপূর্ণ ভোটের আভাস মিলেছে।

আগামি ১৬ই মার্চ অনুষ্ঠিত হতে যাচ্ছে নাগদাহ ও আইলহাঁস ইউনিয়ন

মেহেরপুরে ১০ দফা বাস্তবায়নের দাবিতে জেলা বিএনপির লিফলেট বিতরণ

আগামী ৪ ফেব্রুয়ারী খুলনা বিভাগীয় সমাবেশ সফল করার লক্ষ্যে ও বিএনপি ঘোষিত যুগপৎ আন্দোলনে ১০ দাবি বাস্তবায়নে লিফলেট বিতরণ করেছে জেলা বিএনপি।

আজ বৃহস্পতিবার (২ ফেব্রুয়ারি) সকালে জেলা বিএনপি’র সভাপতি মাসুদ অরুনের নেতৃত্বে দলীয় নেতকর্মীদের নিয়ে পথচলতি মানুষ ও বিভিন্ন ব্যবসায়ীদের লিফলেট বিতরণ করেন।

এসময় জেলা বিএনপির সিনিয়র সহ-সভাপতি জাভেদ মাসুদ মিল্টন ও জেলা ছাত্রদলের সভাপতি খোরশেদ আলম সহ অন্যান্য অঙ্গ সহযোগী সংগঠনের নেতৃবৃন্দরা উপস্থিত ছিলেন।